

# বিএনপি-ছাত্রদলের সঙ্গে সম্পর্ক ছিন্নের ঘোষণা ইবি ছাত্রদল কর্মীর

ইবি প্রতিনিধি



সংগৃহীত ছবি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) নুর ইসলাম নামে এক ছাত্রদল কর্মী

বিএনপি-ছাত্রদলের যাবতীয় কর্মকাণ্ডের সঙ্গে সম্পর্ক ছিন্নের

ঘোষণা দিয়েছেন। শুক্রবার (১১ জুলাই) রাতে সামাজিক

যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া পোস্টে তিনি এ ঘোষণা দেন।

নুর ইসলাম বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি

বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও শাখা ছাত্রদলের

সক্রিয় কর্মী।

গড়ুন



রোগা হওয়া প্রসঙ্গে করণ, ‘লোকেরা আমাকে প্রায়  
মেরে ফেলেছিল’

ফেসবুক পোস্টে তিনি লিখেছেন, ‘আমি আজীবনের জন্য ছাত্রদল  
এবং বিএনপির কর্মকাণ্ডের সঙ্গে সম্পর্ক বিচ্ছিন্ন করলাম।

দলের কোনো দায়ভার আমি নিতে চাই না। তাই রাজনৈতিক  
কারণে কারো সঙ্গে আমার সম্পর্ক খারাপ হয়ে থাকলে ক্ষমা  
প্রার্থী।’

এ বিষয়ে নূর ইসলামের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন,  
রাজধানীর মিটফোর্ডে যে ঘটনা ঘটেছে সেই ভিডিও দেখে আমার  
খুব খারাপ লেগেছে। তাই আমি আমার সুস্থ মস্তিষ্কে দল থেকে  
সরে এসেছি।

ইবি ছাত্রদলের সঙ্গে দীর্ঘদিন সম্পৃক্ত ছিলাম এবং আমার পুরো  
পরিবার বিএনপি করে।

ন



প্রশাসনকে নিষ্ক্রিয় রেখে দেশে অরাজক পরিস্থিতি  
রাখতে চাচ্ছে সরকার : যুবদল সভাপতি

তিনি আরো বলেন, বর্তমানে দলের যে অবস্থা তাতে কী আর  
বলবো! আমি ছাত্রদল করি অনেকেই জানেন। যখন কেউ জিজ্ঞেস  
করে যে, তোর দল এই অপকর্ম করে সেই অপকর্ম করে তখন  
আমি যুক্তি দিতে পারি না। দলের প্রতি আমার কোনো লোভ-  
লালসা ও চাওয়া-পাওয়া নেই।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয় ছাত্রদলের আহ্বায়ক সাহেদ আহমেদ বলেন, কোনো কর্মী ফেসবুকে ছাত্রদল-বিএনপির সঙ্গে সম্পর্ক ছিন্নের বিষয়ে কী দিয়েছে আমি কিছুই জানি না। তবে যদি করে থাকে তাহলে এটা তার ব্যক্তিগত বিষয়। সে আসলেই ছাত্রদল করতো কিনা বা ৫ আগস্টের পর কোনো গুপ্ত সংগঠন থেকে এসেছে কিনা এটাও দেখার বিষয়। যারা পিউর দল করে তারা এরকম কাজ করবে না।’